

২০২৫

বাংলা

(মেজর)

(এন ই পি পদ্ধতি অনুযায়ী নতুন পাঠক্রম)

দ্বিতীয় সেমেস্টার

কোর্স কোড : BENG-CC-201

বাংলা সাহিত্যের ইতিহাস (আধুনিক যুগ) ও বাংলা ভাষাতত্ত্ব (দ্বিতীয় ভাগ)

[NEP-2020]

পূর্ণমান : ৬০

সময় : ২ ঘন্টা ৩০ মিনিট

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক।

প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা প্রয়োজন।

- ১। যে-কোনো দশটি প্রশ্নের উত্তর দাও: ২×১০=২০
- ক) প্রকাশকালসহ রামরাম বসু ও মৃত্যুঞ্জয় বিদ্যালঙ্কারের লেখা একটি করে গ্রন্থের নাম লেখো।
- খ) শ্রীরামপুর মিশন থেকে প্রকাশিত দুটি বাংলা পত্রিকার নাম লেখো। পত্রিকা দুটি কত সালে প্রথম প্রকাশিত হয়?
- গ) প্যারীচাঁদ মিত্রের 'আলালের ঘরের দুলাল' রচনার চারটি চরিত্রের নাম লেখো।
- ঘ) কোনটি কার রচিত নাটক — 'প্রফুল্ল', 'ডাকঘর', 'চন্দ্রগুপ্ত', 'ফেরারী ফৌজ'।
- ঙ) রামমোহন রায়ের ব্যাকরণ গ্রন্থটির নাম কী? এটির প্রকাশকাল কত?
- চ) 'জাগরী' উপন্যাসটি কার লেখা? এটি কত সালে প্রকাশিত হয়?

[পরের পাতায়]

- ছ) বিজন ভট্টাচার্য কোন শ্রেণির নাটক লিখেছেন? সেই নাটকের একটি বিশেষত্ব লেখো।
- জ) বাংলা গীতিকবিতার ধারায় 'ভোরের পাখি' কাকে বলা হয়? তাঁর রচিত একটি কাব্যের নাম লেখো।
- ঝ) বাংলা সাময়িকপত্রের ইতিহাসে 'কল্লোল' পত্রিকার একটি বিশেষত্ব লেখো।
- ঞ) 'পুতুলনাচের ইতিকথা', 'হাঁসুলীবাঁকের উপকথা', 'আদর্শ হিন্দু হোটেল', 'মহাকালের রথের ঘোড়া' — রচয়িতা কারা?
- ট) 'বীরবল' কার ছদ্মনাম? এই ছদ্মনামে তাঁর রচিত একটি প্রবন্ধ গ্রন্থের নাম লেখো।
- ঠ) সমাক্ষর লোপ বলতে কী বোঝায়?
- ড) কোনটি কী জাতীয় ধ্বনি পরিবর্তন লেখো — বেঞ্চ > বেঞ্চি, চারি > চাইর, গামোছা > গাম্ছা, রিকশা > রিশ্কা
- ঢ) ঝাড়খন্ডি উপভাষার দুটি স্বাতন্ত্র্যসূচক বৈশিষ্ট্য লেখো।
- ণ) সংকর শব্দ বলতে কী বোঝায়? দুটি উদাহরণ দাও।

- ২। যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও: $৫ \times ৪ = ২০$
- ক) বাংলা গদ্যের বিকাশে ফোর্ট উইলিয়াম কলেজের অবদান আলোচনা করো।
- খ) বাংলা প্রহসন রচনায় মধুসূদন দত্তের কৃতিত্ব আলোচনা করো।
- গ) বাংলা প্রবন্ধসাহিত্যে বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় যে নতুন পথের সন্ধান দিয়েছেন, তার সংক্ষিপ্ত পরিচয় দাও।
- ঘ) টীকা লেখো (যে কোনো একটি): বঙ্গদর্শন, সবুজপত্র।
- ঙ) কবি ঈশ্বরচন্দ্র গুপ্তকে যুগসন্ধির কবি বলার কারণগুলি যুক্তিসহ ব্যাখ্যা করো।

- চ) এলাকা উল্লেখ করে বরেন্দ্র উপভাষার ধ্বনিতাত্ত্বিক বৈশিষ্ট্যগুলি আলোচনা করো।

- ৩। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও: $১০ \times ২ = ২০$
- ক) বাংলা কবিতার ধারায় জীবনানন্দ দাশের কবিতার বিশেষত্বগুলি লেখো।
- খ) রূপক ও সাংকেতিক নাটক রচনায় রবীন্দ্রনাথ ঠাকুরের অবদান আলোচনা করো।
- গ) বাংলা ছোটগল্প রচনায় প্রভাতকুমার মুখোপাধ্যায়ের গুরুত্ব আলোচনা করো।
- ঘ) বাংলা শব্দের অর্থ পরিবর্তনের ধারাগুলি উদাহরণসহ বুঝিয়ে দাও।